“সে ব্যক্তি সফলকাম যে ইসলাম গ্রহণ করেছে এবং তাকে পরিমিত রুযী দেওয়া হয়েছে, আর আল্লাহ তাকে যা দিয়েছেন তাতে তাকে তুষ্ট করেছেন।”

আব্দুল্লাহ ইবনু ‘আমর ইবনুল ‘আস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “সে ব্যক্তি সফলকাম যে ইসলাম গ্রহণ করেছে
এবং তাকে পরিমিত রুযী দেওয়া হয়েছে, আর আল্লাহ তাকে যা দিয়েছেন তাতে তাকে তুষ্ট
করেছেন।”
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্পষ্ট করেছেন যে, যে ব্যক্তি তার রবের প্রতি আত্মসমর্পণ করেছে, হিদায়াত পেয়েছে এবং ইসলামের প্রতি সুযোগ লাভ করেছে, এবং তার প্রয়োজন অনুযায়ী হালাল রিযিক পেয়েছে, না বেশি না কম, এবং আল্লাহ তাকে যা দিয়েছেন তাতে সন্তুষ্ট ও তৃপ্ত করেছেন, সেই ব্যক্তি সফলকাম ও বিজয়ী হয়েছে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5814